দৈনিক ইত্তেফাক NOV. 14 2001

পৃঃ ১৬ কলাম ...

# তিন বিশ্ববিদ্যালয়ের ভিসির একই সুর ॥ সন্ত্রাস ও সেশন জটমুক্ত শিক্ষা জীবন গড়তে চাই

**ইত্তেফাক রিপোর্ট** ॥ রাজশাহী বিশ্ববিদ্যালয়, কৃষি বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত ভিসিবৃন্দ গতকাল মঙ্গলবার নিজ নিজ বিশ্ববিদ্যালয়ে যোগদান করেছেন। তারা সকলেই বলেছেন– বিশ্ববিদ্যালয়কে সেশনজট ও সন্ত্রাসমুক্ত করতে চাই। এজন্য সকল মহলের আন্তরিক সহযোগিতা প্রয়োজন।

**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা** ॥ বিশ্ববিদ্যালয় অ্যাক্ট '৭৩ অনুযায়ী নিয়োগপ্রাপ্ত রসায়ন বিভাগের অধ্যাপক জসীমউদ্দিন আহমদ গতকাল মঙ্গলবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভিসি পদে যোগদান করেছেন। দায়িত্বভার

(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## তিন বিশ্ববিদ্যালয়

(শেষ পৃষ্ঠার পর)

গ্রহণের পর অধ্যাপক জসীমউদ্দিন আহমদ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শহীদ মিনারে এবং সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। অপরাহ্নে নবনিযুক্ত ভিসি ক্যাম্পাস রিপোর্টারদের সাথে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন।

**রাজশাহী অফিস** ॥ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তিবিদ্যা বিভাগের প্রফেসর ও বিজ্ঞান অনুষদের ডীন ডঃ ফাইসুল ইসলাম ফারুকী গতকাল মঙ্গলবার বিকালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ১৮তম ভাইস চ্যান্সেলর হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনে অনাড়ম্বর অনুষ্ঠানে দায়িত্বভার গ্রহণকালে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিষ্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক, ছাত্র-উপদেষ্টা, প্রক্টর, ডীন, প্রাধ্যক্ষ ও বিভাগীয় চেয়ারম্যানসহ অন্যান্য শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।

ফাইসুল ইসলাম ফারুকী বলেছেন, আমি রাজশাহী বিশ্ববিদ্যালয়কে সন্ত্রাস ও সেশনজটমুক্ত উচ্চ শিক্ষার পাদপীঠ হিসেবে গড়ে তুলতে চাই। এ ব্যাপারে সকলের আন্তরিক সহযোগিতা প্রয়োজন।

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, মঙ্গলবার নবনিযুক্ত ভিসি প্রফেসর মুস্তাফিজুর রহমান ঢাকায় শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের মাজার জিয়ারত শেষে ক্যাম্পাসে ফিরলে শত শত ছাত্র, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী তাকে অভিনন্দন জানান। অফিসের আনুষ্ঠানিকতার পর নয়া ভিসি ইত্তেফাক সংবাদদাতাকে বলেন, বিশ্ববিদ্যালয়ের সকল অনিয়ম বন্ধ করে বিশ্ববিদ্যালয়কে গবেষণা ও উন্নয়নার্জনে গতিশীল করা হবে। ছাত্র রাজনীতির সন্ত্রাস থাকবে না, সেশনজট দূরীকরণে সর্বাত্মক চেষ্টা করা হবে।

**বিশ্ববিদ্যালয় সংবাদদাতা** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরী ভিসি নিয়োগ নিয়ে বলেন, বিধি অনুযায়ী পূর্বের ভিসিকে অব্যাহতি দেয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর তাকে কি কারণে অব্যাহতি দিয়েছেন তা আমি জানি না। এই আইনে অতীতেও অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ভিসিকে অব্যাহতি দেয়া হয়েছে। চ্যান্সেলর যা করেছেন বিশ্ববিদ্যালয়ের স্বার্থেই করেছেন। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের ভিসির পদ সার্বক্ষণিক পদ। এখানে কোন শূন্যতা থাকতে পারে না। তাই আমি সোমবার রাতেই যোগদান করেছি। রাতের আঁধারে ক্ষমতা দখল করিনি। তিনি আরো বলেন, ১৯৭৩'র অধ্যাদেশ রক্ষার জন্য যারা আন্দোলন করেছে, তারা আমার নিয়োগ